

বিধাণ্ডকর কদ্মতলে এদ্বা করি জাপন থাঁদের দিনাম লডেছি বিদ্যার আয়োজন। বিদ্যান্ডক করো মোদের তুল-আত্তি ক্ষমা জীবন মোদের ধন্য হবে, আদ্ব হবে জন্মা। ধেষের কালে সবার নিকট দেমো ভিক্ষা নার্সি। জীবন পথে চলতে সিম্ম সকল হওমার লার্সি।



ত্বীবে উম্মাহ্ পীরে কামেল আল্লামা শাহ্ মোহাম্মদ তৈয়ব (দা.বা.আ.)

মুহতামিম: আল-জামিয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি, পটিয়া, চউগ্রাম।

স্মরণে

মুজাহিদে মিল্লাত হাদিয়ে জামান শাহ আহমদ হাছান (রহ.)

প্রতিষ্ঠাতা : আল-জামিয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি, পটিয়া, চউগ্রাম।

১৪৪০-'৪১ হিজরি মোতাবেক ২০১৯-২০ ঈসায়ি শিক্ষাবর্ষের দাওরায়ে হাদিস [মাস্টার্স] সমাপনী ছাত্রবৃন্দের উদ্যোগে প্রকাশিত।




জামিয়ার দৃষ্টিনন্দন জামে মসজিদ 'মসজিদে ত্বোবা'




দীর্ঘ প্রতীক্ষার ফসল জামিয়ার দারুল হাদিস 'এন 'আমূল বারি দারুল হাদিস'



জামিয়ার শিক্ষাভবন 'কুছরুল হাসান



ين الهميسم - ين سلامان - ين عوص - ين يوز -ين قبوال -ين آبي - ين عوام - ين تأثيث - ين طابق - ين طابق - ين طابق - ين ماجي - ين عيض بن عبد آل - ين عبيد - ين الدعا - ين حمدان - ين سفير - ين يؤري - ين يحون - ين يلحن - ين أرعوى - ين مهض - ين ديشان - ين عمدير - ين أغذاد بن أيهام - بن مقصر- بن ناحث - بن زارح - بن سمى - بن مزى - بن عوضة - بن عرام - بن قيدار - بن إسماعيل - بن إبراهيم عليه ما السلام وهو ابن تارج واسمه آذر- بن ناحور- بن ساروع أو ساروغ - بن راعو- بن فالم - بن عابر- بن شالم - بن أرفعشد - بن سام - نوح عليه السلام بن لامك- بن متوشلخ- بن أخذوع يقال هو إدريس النبي عليه السلام - بن يرد - بن مهلائيل - بن قيئان - بن أثوش - بن شييت - بن آدم عليهما السلام بن مالك -بن النضر واسمه قيس - بن كثانة - بن خزيمة - بن مدركة واسمه عامر -بن إلياس -بن مضر - بن تزار - بن معد - بن عدنان وهو ابن أدد



أسنانيد أماريث الرسول 44 من كلب التسعة لطلاب الجامعة العربية الإسلامية جيري سنة ١٠٠٠ مولادي قال عبد الله بن المهارك" "الإستاد من الدين، لولا الإستاد لقال من شاء ما شاء."

واتصنلت الأسنانيد ما فوق هؤلاء المؤلفين بالنبي صلى الله عليه وسلم برواة مذكور في كتبهم وعددهم ما بين الثلاثة والعشيرة.

عسند الهند الشاء أحمد بن عبد الرحم الشهير بولي الله المعلوق	→ = = = = = = = = = = = = = = = = = = =	Meritani	£
	2 (1) (2) (2) (2) (2) (2) (2) (2) (2) (2) (2	الإمام الطعماري	شرع سائر الاور
	→ 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1	الإمام مالك	E
	→ E E E E E E E E E E E E E E E E E E E	الإمام إمن ماجه	£
	→ 1 2 2 2 2 2 2 2 2 2 2 2 2 2 2 2 2 2 2	Market .	ŧ
	م الموادي ال	東上 新子子	Mary land
	→ 2 1 2 1 2 1 2 1 2 1 2 1 2 1 2 1 2 1 2	大大小	3
	- A - HE - HE - A - A - A - A - A - A - A - A - A -	Li	Same Same
		they tent ?	9

বি-ইছমিহি তা'আলা



উচ্চতর শিক্ষা কোর্স

ইফতা, আরবি সাহিত্য, ক্বেরাত বিভাগে ভর্তি চলছে

দক্ষিণ এশিয়ার অন্যতম প্রাচীন দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান

চট্টগ্রাম জिया जित्र-ए

দারুল উলুম দেওবন্দের নমুনায় একই পাঠ্যসূচী ও পাঠদান পদ্ধতিতে ১ বছরের উচ্চতর শিক্ষা কোর্স ইফতা, আরবি সাহিত্য, ক্বেরাত বিভাগে আগামী ৭ ইং শাওয়াল হতে ১৪৪১-'৪২ হিজরি শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু হবে ইনশা-আল্লাহ।

ভর্তির নিয়মাবলী

ভর্তিচ্ছক ছাত্রকে অবশ্যই দাওরায়ে হাদিস পাশ হতে হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধা তালিকার ভিত্তিতে ভর্তি করানো হবে। ভর্তিকৃত ছাত্র মাদরাসার যাবতীয় আইন-কানুন ও সুনুতের অনুসরণে বাধ্য থাকবে। ছাত্রদের মান-সম্মত থাকা-খাওয়ার ফ্রি ব্যবস্থা রয়েছে। মেধাবী ছাত্রদের জন্য বিশেষ শিক্ষাবৃত্তির ব্যবস্থা রয়েছে। ১৭ই শাওয়াল হতে ইনশা-আল্লাহ যথারীতি পাঠদান শুরু হবে।

যাতায়াত

চট্টগ্রাম শহরের যে কোন স্থান হতে কর্ণফুলী সেতু হয়ে শান্তিরহাট বাজার, সেখান হতে দক্ষিণ দিকে সি.এন.জি যোগে মাদরাসা।

ভর্তি সংক্রান্ত সার্বিক সহযোগিতার জন্য যোগাযোগ করুন

মোবাইল

০১৮১৯-৬২২৮১৩ (ইফতা) , ০১৮৩১-৫৪৬১৩১ (আরবি সাহিত্য) ০১৮৩৮-৯৩১২৭৬ (ক্রেরাত), ০১৮১৯-৩১৬৬৫৬ (দপ্তর)

ভর্তি সংবাদ

আগামী শিক্ষাবর্ষে জামেয়া খোলার তারিখ

০৭ শাওয়াল ১৪৪১ হিজরি মোতাবেক ৩১ মে ২০২০ ইংরেজি

প্রতি বছরের ন্যায় আগামী বছরও তাওয়াঞ্চুলান আলাল্লাহ বাদে রমজান জামেয়ার সকল বিভাগ- হাদিস, তাফসীর, ফিক্বুহ, তাজভিদ, মানতেক, দর্শন, নাহু, ছরফ, হিফজে কুরআন ও নূরানী বিভাগে ভর্তি করা হবে। এতিম, গরীব, মেধাবী ও পরিশ্রমী ছাত্রদের জন্য ফ্রি থাকা খাওয়া ও চিকিৎসাসহ বিশেষ বৃত্তির সু-ব্যবস্থা রয়েছে।

যোগাযোগ ঠিকানা

আল-জামিয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি গ্রাম ও ডাকঘর: জিরি, উপজেলা: পটিয়া, জেলা: চট্টগ্রাম। মোবাইল: ০১৮১৯-৩১৬৬৫৬

ব্যাংক একাউন্ট

ব্যাংক একাউন্ট, আল-জামিয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি হিসাব নং- ১৪৯৯ জিরি ইসলামিয়া এতিমখানা, হিসাব নং- ৪৩১৮ ইসলামি ব্যাংক বাংলাদেশ লিঃ, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম। জিরি ইসলামিয়া এতিমখানা, হিসাব নং- ০০৮১২১০০০০৩৫, ইউনিয়ন ব্যাংক, শান্তিরহাট শাখা, পটিয়া।

১১৪ তম বার্ষিক সভার তারিখ

১০ ও ১১ ডিসেম্বর ২০২০ ইং, রোজ: বৃহস্পতি ও জুমাবার

১১৫ তম বার্ষিক সভার তারিখ

০৯ ও ১০ ডিসেম্বর ২০২১ ইং, রোজ: বৃহস্পতি ও জুমাবার

সকলের প্রতি দ্বীনি দাওয়াত রহিল।

এ'তেকাফে আগ্রহী ভাইদের জন্য সু-সংবাদ

সকল এ'তেকাফ থাকার ইচ্ছুক মোমেন ভাইদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা পবিত্র মাহে রমজানের শেষ দশদিন জিরি মাদ্রাসার মসজিদে খানকায়ে আবরারিয়ার তত্ত্বাবধানে এ'তেকাফ থাকতে অগ্রহী হযরত মুহতামিম সাহেব হুজুরের সহানুভূতির আদেশক্রমে তাদের দশ দিনের খাওয়া-দাওয়া, সেহরি-ইফতারির ব্যবস্থা করা হবে। কোন টাকা-পয়সা দিতে হবে না। উক্ত দশ দিন জিকির এবং এছলাহি বয়ান চলবে। আল্লাহ পাক আমাদেরকে ওলামায়ে কেরামের সঙ্গে এ'তেকাফ থাকার তৌফিক ও আমলের জ্ববা দান করুন। আমিন॥

প্রচারে: জামাতে ছালেক্বীন জামেয়া জিরি মোবাইল: ০১৮১৯-৩১৬৬৫৬

فراقی سلام

(جامعہ جبری کوخطاب کرکے) بخدمت اساتذ ؤ کرام ومشائخ عظام وطالبان جامعہ جبری، جا نگام۔ يزبان فاضلان جامعه جيري-١٣٨١ه

كون جائي كريك مر روا ديدار بم راه فرقت کے رہے ہم الفراق دارالحن 🖈 الفراق اے دارالخ

رات دون اسباق برصنا تها جارا مشغله ﴿ اب كبال يا يُمِّكُ نوراني فضا تحرار كاه ؟

بانی تیرا حضرت احمض مرحم ب الله تیرا شاه طنیم معلوم ب

مر محقق اور مدقق ہے جیب برسول

حصرت ارمال شبادت منبع علم وسنن الله واعظ شيري بيال عقده كشا اور شوكان حضرت استاد اول ب خلیق وخندوزن اے ودودی ماغ صیب الفراق دارات ان کا ٹائی کیا ملیگا ای جہاں میں ابہیں معدن صدق وصفا قول وهمل مين ولنشين

محترم مفتی شبید اک ذات ب روش خمیر محرم سيداش شيرين فمر اك بيكير

اور ودودی شان جیسے بی تمہاری شان ہو اللہ صالح وطیب کے جیسے علم کے ملطال ہو

ازنتائج فكراستادمحتر مسيدامين مدخله محدث جامعه جيري، حاثگام-

الفراق اے وار طیب الوداع وارائحن ؟ ﴿ اے ودودی باغ میب الوداع دارائحن؟ حراقاں سے و کھتے ہیں سے درود بوار ہم ا كطرح بحوليك الم مشفقول كاييار بم اور خصوصا شاه طيب كاكرم ايثار بم

ہے حسیں برم ہاہت ہے بیارا در گاہ 🕁 کب نظر آیگا، جمکو ہے مزین مجدہ گاہ

جارب سب جارب بم الفراق دارالحن المراق اے دارالخ

ان کا نائب یہ خبیب باشعور ودھوم بے 🖈 ان کا حامی بالیقیں مخلوظ یہ معلوم ہے صدمه لیکرول یس اب بم جارے داراکس الفراق اے دارالخ

شاہ طئی شیخا بے شارح قال الرسول ﴿ بادی راہ طریقت نیربرج عقول

دعرت موی ہے فی فی الحدیث یااسول ید وارثین انبیا کا یاد آیگا چن الراق اے دارالخ

حضرت ارشاد الله ے منوریہ چن ب يه سب بىسب جارى يى الفراق داراكس

احمد الله قاسى ب علم كاماه مبين ا

اللف رحمان و رضي كي ترتيب ببتر حسيس الله کاوشوں سے ایکے جیری بن کیا بہتر چمن 🛊 الفراق اے وارالخ

الله الما على ماہر علم وفن ميں ب نظير الله محترم اوريس ولقمال مجمي امانت مي شهير ال

یہ مشائخ فانسیں ہیں بن کئے رفتک زمن 🖈 الفراق اے دارالخ ﴿ وبدعت و مناكر دين كو يحيلا تيتي ﴿ يرجِم توحيد اينا بر جكه لبرا تمنك

بنزبال بت كے بجارى برطرح يت تعظ النا اللہ بحث كے بحا تيول كو بيار ي مجما تعظ اب جدا ب بورب بي الفراق دارالحن الفراق اس دارالخ

دوستوا یچ نبی کا سامنے فرمان ہو اور زبان پر برگھڑی بس آیت قرآن ہو

باغ كوسب چيوز كر اب جارب وار ألحن 🔅 الفراق اے وارا كخ اے در ودایوار چری تھے ہو میرا سلام ﴿ مُحْفُن وَكُرْار جیری تھے ہو میرا سلام

ا مینار جیری تجھے ہو میرا سلام 🖈 محسن و مخوار جیری تھے ہو میرا سلام ب دعا كو يه اين بم فاضلونكو اے بين ﴿ القراقِ اے دارالخ

تھے میں ہیں موجود کیے حامل خلق حسن اللہ مجھ میں ہیں موجود کتنے ماہر برعلم وقن الفراق اے دار طیب الفراق دارالحن الفراق اے دارالخ





ব্যক্তিগত তথ্যাবলী

নাম	1		
পিতার নাম			
বৰ্তমান ঠিকানা	1		
হায়ী ঠিকানা	1		
পেশা	1		
জন্ম তারিখ		্রতের গ্রন্থ	r:
ফোন/মোবাইল	<u>:</u>		
ই-মেইল	11		
ফেসবুক	\$		
জাতীয় পরিচয়পত্র	11-11-11-11-11-11-11-11-11-11-11-11-11-	_ পাসপোর্ট	:
ব্যাংকের নাম	2	_শাখা	*
একাউন্ট নং	:	_ গাড়ী নং	:
দ্রাইডিং লাইনেল	:	_ নৰায়ন তাং	4
ত্ৰেডিট কাৰ্ড	:		
	জরুরী অবস্থায় যোগাযোগ		
নাম	:		
ঠিকানা	:		
মোৰাইল	1		
	জরুরী অবস্থায় যোগাযোগ		
নিকটবর্তী থানা	0	_ ফায়ার সার্ভি	a .
হাসপাতাল		_ সামাম সাচিত্র _ ডাক্তার	1
বিদ্যুৎ			•
		্গাস	-








দারুল হাদিছের শাহী মসনদ

= যাঁদের পরশে ধন্য মোরা

হযরতুল আল্লামা শাহ্ মোহাম্মদ তৈয়ব সাহেব দা. বা.
শাইখুল হাদিছ আল্লামা মুহাম্মদদ মুছা সন্ধীপী ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা জালাল আহমদ ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ আব্দুল আওয়াল ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ শাহাদাত হোসাইন আরমান ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ শহিদুল্লাহ ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ ইসমাঈল নজীব ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ লুংফুর রহমান ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ লোকমান ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ লোকমান ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ রিজউল্লাহ ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ ইদ্রিছ ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ সৈয়দ আমিন ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ সৈয়দ আমিন ছাহেব দা. বা.
উস্তাযুল হাদিছ হযরতুল আল্লামা মুহাম্মদদ সৈয়দ আমিন ছাহেব দা. বা.





বররে ছগিরের কালজয়ী সাধক পুরুষ ইসলামি রেনেসার অগ্রদৃত ছেরতাজে ওলামা ওয়া ফুকাহা মুছলেহে উন্মাত হযরত

আল্লামা শাহ্ মোহাম্মদ তৈয়ব ছাহেব (দা.বা.আ.)

মুহতামিম- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি'র

দোয়া ও নছিহত

نحمده ونصلى على رسوله الكريم أما بعد:

জামেয়ার সমাপনী বর্ষের ফারেগিনের উদ্যোগে 'আল-হাসান স্মরণিকা-২০২০' প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি মনে করি এই স্মরণিকা ফারেগিনের দায়িত্বকে স্মরণ করিয়ে দিবে। মহান আল্লাহ ফারেগিনের এই চেষ্টাকে পূর্ণতা দান করুন। ফারেগিনের উদ্দেশ্যে বলতে হয়- দাওরায়ে হাদিছ পাশ করা পড়া-লেখার শেষ স্তর নয়। এটি কেবল মূল ধারার পড়া লেখা ও গবেষণার সূচনা।

"শরিয়াত, ছদাঝাত ও আদালতের পাঠ পুনরায় পড়। তোমার দ্বারা জগতের নেতৃত্বের কাজ নেয়া হবে।" পড়ার কোনো শেষ নেই। ইলম অর্জন করার কোনো সীমারেখা নেই। হাাঁ, প্রকৃত আলেম হওয়ার স্বীকৃতি পাওয়ার পর্বশর্ত হলো খোদাভীতি। মহান আল্লাহর এরশাদ- ﴿انما يخشي الله من عباده العلماء﴾ "নিশ্চয় আল্লাহকে তাঁর বান্দাদের মধ্য থেকে আলেমগণই ভয় করেন।"

আল্লামা রুমি র. বলেন; خثيت الشرائطان علم دال "অন্তরে আল্লাহ ভীতিই হচ্ছে প্রকৃত ইলমের নিদর্শন।"

"প্রকৃত আলেম হলেন যিনি পার্থিব জগতের প্রতি অনাসক্ত ও পরকালের জীবনমুখী হয়।" আল্লাহভীতি এমনিতে অর্জন হয় না। এর জন্য প্রয়োজন একজন আল্লাহ তীরু আল্লাহর অলির সাহচর্য, নিরবিচ্ছিন ছোহবত, দিকনির্দেশনা, রিয়াজাত-মোজাহাদাহ ও ব্যক্তির অন্তরের অদম্য স্পৃহা। যদি কট্ট সাধনা ত্যাগ স্বীকার করে আল্লাহর মোহাব্বাত আর ভয় অর্জিত হয় তবেই ইলম ও ইবাদতের প্রকৃত স্বাদ বুঝে আসবে। এ জন্যে একজন ব্যক্তির উচিত তার ইবাদাত ও জ্ঞান গরিমায় পরিপক্ষতা লাভের উদ্দেশ্যে আহলুল্লাহর ছোহবতকে তথা তাজকিয়ায়ে নফসকে নিজের উপর লাযেম করে নেয়া। আল্লাহ

পাক আমাদের সকলকে তাঁর নেক বান্দাগণের কাতারে শামিল করন। আমিনা

প^{ি হ হা} দি. (আল্লামা) শাহু মোহাম্মদ তৈয়ব (ছাহেব)

মহাপরিচালক

জামেয়া আরবিয়া ইসলামিয়া জিরি, চট্টগ্রাম, বাংলাদেশ।





শাইখুল হাদিছ হযরত্ল আল্লামা মোহাম্মদ মুছা সন্ধীপী ছাহেব (দা.বা.আ.) র

দোয়া ও নছিহত

نحمده ونصلى على رسوله الكريم أما بعد:

জামেয়ার সমাপনী বর্ষের ছাত্রদের উদ্যোগে 'আল-হাসান স্মরণিকা-২০২০' প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি মনে করি এই স্মরণিকা সদ্য ফারেগ হওয়া মৌলভিদের নিজেদের নায়িত্ পালনেও স্মারক হিসেবে কাজ দিবে।

তোমরা তোমাদের জীবনের অতি মূলাবান সুদীর্ঘ একটি সময় শ্রদ্ধাভাজন আসাতিজায়ে কেরামের সুহুময়ী তত্ত্বাবধানে এলমে দ্বীন হাছেল করত আজ বিদায়ের দ্বার প্রান্তে এসে উপনীত হয়েছ। এই চৌচির করা বিদায়ের ক্রান্তিলগ্ন তোমাদেরকে যেভাবে করেছে বিমূর্ষ ও বেদনাতুর, তেমনিভাবে আমাদেরকেও করেছে সেই বেদনার অংশীদার। কিন্তু একটি কথা ভেবে মনে স্বস্তি পাই যে, আল্লাহ তা আলা যেন নিজ অপার করুণায় তোমাদেরকে আমাদের আখিরাতের নাজাতের উছিলা হিসেবে করুণ করেন। তবে শর্ত থাকে যে, যদি তোমরা কুরআন ও সুনাহর আলোকে আহলে সুনাত ওয়াল জামাআতের মতাদর্শে ভবিষ্যত জীবনকে পরিচালনায় প্রতিজ্ঞাপণ হও।

আমার পুত্রতুল্য বৎসরা,

এতদিন তো তোমরা একটি সীমাবদ্ধ সুন্দর পরিবেশে ছিলে। আজ তোমরা পা বাড়াচ্ছো তোমাদের কর্ম জীবনের রূপরেখা প্রণয়নে। তাই তোমাদের সামান্যতম বিচ্যুতিও তোমাদের আদর্শে কুঠার আঘাত হওয়ার কারণ হতে পারে। তাই আশা করব শিক্ষা নিবেশকালীন সময়ের ন্যায় শিক্ষা পরবর্তী সময়েও কোন একজন হকানী মোরশেদের নিকট নিজকে পূর্ণ উৎসর্গ করত সুনাতের আমলের উপর অটল থাকবে। মুসলিম উম্মার এ দূর্দিনে জাতিকে দিক নির্দেশনা দানে অগ্রণী ভূমিকা পালন করবে। তবেই আমাদের ও তোমাদের এই অক্লান্ত পরিশ্রম হবে স্বার্থক। আল্লাহপাক আমাদের সবাইকে তৌহ্নিক দিন ও তাঁর রেজামন্দী দাস করুন। আমিন।

१८० १५५ मा अंशा प्रायम् १८० १५५१

মাওলানা মোহাম্মদ মুছা সন্ধীপী শাইখুল হাদিছ

জামেয়া আরবিয়া ইসলামিয়া জিরি, চট্টগ্রাম, বাংলাদেশ।





জিরি মহিলা মাদরাসার প্রতিষ্ঠাতা পরিচালক ও জিরি হ্যরতের দ্বিতীয় ছাহেব যাদাহ

মাওলানা হাফেজ খোবাইব ছাহেব

সহকারী পরিচালক জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি'র

छ (जिल्हा योगी

نحمده ونصلى على رسوله الكريم أما بعد:

জামেয়ার সমাপনী বর্ষের ছাত্রদের উদ্যোগে 'আল-হাসান স্মরণিকা-২০২০' প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এটি তাদের ছাত্রজীবনের স্মৃতি দর্পন হিসেবে সাঙ্গ হবে এবং ভবিষ্যৎ কর্ম পরিকল্পনায় সহায়ক ভূমিকা রাখবে বলে আশা রাখি। মহান আল্লাহ নবীন আলেমদের এই প্রচেষ্টাকে পৰ্ণতা দান ককুন।

বিদায় বলতে আমরা মনে করব- দায়িত্ব পালন ও জীবনের ক্যারিয়ার গঠনের তাগিদে সাময়িক সংশ্রব ত্যাগ, চির বিচ্ছিন্নতা নয়। এটি যেন চির বিদায় না হয়। একজন ছাত্র ছাত্রই থাকে, সে যত উন্নতি লাভ করুক না কেন। ছাত্র কোন দিন তার শিক্ষাগুরু ও শিক্ষালয়কে ভুলতে পারে না। একজন ছাত্রের ছাত্র থাকা অবস্থায় যতটুকু শিক্ষকের সহায়তার প্রয়োজন হয়, এর চেয়ে বেশি প্রয়োজন হয় শিক্ষকতার জীবনে পা বাড়ালে। কারণ নতুন পদক্ষেপ তাও আবার শত প্রতিকূলতায় ভরা পথ। তা পাড়ি দিতে প্রবীণ অভিজ্ঞ সেই পিততুল্য শিক্ষকের পরামর্শ ও দিকনির্দেশনা অনেকটা বেশি প্রয়োজন হয়। তাই অন্তত একজন শিক্ষককে সারা জীবনের জন্য মুশির হিসেবে গ্রহণ করা প্রয়োজন।

এছাড়া তায়কিয়ায়ে নফস'র জন্য একজন মুরবির অবশ্যই রাখতে হবে। যিনি রুহানি রোগের চিকিৎসক। মাদরাসার বাইরে পা বাড়ালে মুখামুখী হতে হবে হাজারো সমস্যার। তাই ক্রহানি মুরব্বি না থাকলে সমহ বিপদ থেকে মুক্তি পাওয়া বড কঠিন হবে। দোয়া করি- মহান আল্লাহ পাক আমাদের সকলকে তাঁর নেক বান্দাগণের কাতারে শামিল করুন। আমিনা

(1/30 /30

মাওলানা হাফেজ খোবাইব সহকারী পরিচালক- জামিয়া জিরি ও প্রতিষ্ঠাতা পরিচালক-জিরি মহিলা মাদবাসা





শেষের সংলাপ

"যেতে চায় না হৃদয় মোর তবুও যেতে হয় নিয়তির এ খেলা সাঙ্গ হবার নয় তো নয়।"

ইলমে নবভির নহর ওহে জামিয়া,

যখন এই পৃথিবীর চারদিকে অন্ধকারে ছেয়ে গিয়েছিল। তখন এ জামিয়া তার শ্লিক্ষ আলোর ডানা ছড়িয়ে দিল প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি সবুজে ঘেরা ইসলাম আগমনের তোরণ দ্বার চট্টগ্রাম জেলার পটিয়া জিরি এলাকায় নরম ঘাসের উপর। সেই আলোর কিয়দাংশ লুপে নিতে না নিতেই আমাদের কানে ভেসে এল আল ফিরাত্ নামের বিচ্ছিন্নতার নিষ্ঠুর আওয়াজ। হায়রে ফিরাকু। যদিও তুমি তিক্ত, তবুও ধ্রুব সতা। তোমাকে পাশ কাটার কোন কিছুই স্থায়ী নয়। কিন্তু ফিরাক্বের এ করুণ বীণা যে এত তাড়াতাড়ি বাঁজবে তা কখনো বুঝে উঠতে পারিনি। বুঝতে পারিনি কিভাবে কেটে গেল ছাত্র জীবনের ১২টি বছর। মনে হয় এই তো সেই দিন মক্তবের বারান্দায় হাঁটছি। আর আজ দ্বীনের মশাল প্রজ্জ্বিত করার দায়িত্ব অর্পন করে গুরুতার তুলে দিয়েছো আমাদের कौर्य।

"যেতে চায় না হ্রদয় মোর তবুও যেতে হয় নিয়তির এ খেলা সাঙ্গ হবার নয় তো নয়।"

প্রাণপ্রিয় মাদরে ইলমি.

কালের এক ক্লান্তিলগ্নে তোমার বিশাল বক্ষে আমরা পেরেছিলাম ঠাঁই, গ্রহণ করেছিলে তুমি মোদের অতি নিবিড়। মমতা ভরে। ধরণী যখন নিরংকুশ অমানিশায় সমাধি প্রায়, অসত্যের নাঙ্গা পদচারণায় অমোঘ সত্য যখন কিংকর্তব্যবিমৃত্, তেবেছিলাম এ অকৃত্রিম শ্লেহ মমতায় কখনো চিড় ধরবে না। কিন্তু কই? কর্তব্য যে ডাকছে। এ ভাকে সাড়া না দেওয়ার উপায়টাও নেই। এই তো তোমারি দেওয়া শিক্ষা। এতদিন তোমার মায়াবী আঙ্গিনায়। আশ্রয় পেরেছিলাম আমরা ক'জন পথিক। আজ ফিরাক্বের অনতিক্রম্য নিয়তির বাথাতুর লগ্নে তোমাকে হারাতে চাচ্ছে না মন। হৃদয়ে জেগে উঠেছে কান্নার হাহাকার রোল। তোমার করুণ চাহনি দেখে বাঁধ তেঙ্গে যাচেছ আত জোয়ার। অবদান তোমার নিয়েছি তধুই, দিতে পারিনি কিছু। পূর্ণ জীবনে আমাদের সম্ভাব্য প্রোজ্জ্ব বিকাশ সকলই তোমার অবদানের ফলন মাত্র। এক কথায় বলা যায়- যেখানে যেভাবেই থাকিনা কেন মোরা স্মরণ করিব তোমার এই কৃর্তি। ভুলবো না কোন দিন ভুলবো না।

"ज़्नदा ना ज़्ना यांग्र ना कि এই জামিয়ার সৃতি।"

শ্রদ্ধাভাজন আসাতিয়ায়ে কেরাম.

সু-দীর্ঘ একযুগ অতিক্রম করে আজ জামিয়ার শিক্ষান্তর সমান্তিলগ্নে ভারাক্রান্ত হৃদয়ে আমরা আপনাদের পদ পানে এসে দাঁড়িয়েছি। ক্ষত বিক্ষত হ্বদয় নিয়েও ফিরাত্ব নামের শব্দটি আজ আমাদের উচ্চারণ করতে হচ্ছে। আপনাদের অকৃত্রিম ও হৃদয় নিংড়ানো ভালোবাসা, বিশাল বটবৃক্কের ন্যায় ছায়াদরদী পিতার মত মমতা এবং নিঃস্বার্থ শিক্ষাদানে আমরা পেয়েছি সজীব প্রাণ। আমাদের কুয়াশাচ্ছন্ন হৃদয়ে জ্বালিয়ে দিয়েছেন এলমী প্রদীপ। সেই প্রদীপেই আমরা আজ আল্লাহর বান্দা ও নবি স. এর নগন্য সৈনিকের তালিকায় উত্তীর্ণ। এর প্রতিদান দিতে আমরা অপারগ। চির ঝণী আমরা আপনাদের কাছে। মহান রাব্দুল আলামিনের দেওয়া মূল্যবান রত্ন ঐশী জ্ঞান দান করে যে ঋণের বাঁধনে বেঁধেছেন মোদের এ বাঁধন কোন দিন ছিল্ল হবার নয়। আপনাদের এ ঋণ শোধ করার মত নয়। এই ফিরাক্লগ্নে আপনাদের সান্নিধ্য থেকে পৃথক হবার বেদনায় আমরা দিশাহীন ও ভাষাহীন।





এই ক্ষণে কত না স্মৃতি হৃদয়ের দৃষ্টিকোণে উকি দিছে। কিন্তু এই ফিরাক্ আমাদেরকে ছিনিয়ে নিচ্ছে আপনাদের বৃক থেকে। বড় নির্মম এই রীতি। ফেলে আসা দিনগুলোতে আমরা কারণে অকারণে জ্ঞান বৃদ্ধি সম্ভাবার দরুণ কত শত অপরাধ করেছি, না চাইতে কত বাথা দিয়ে ফেলেছি আপনাদের মনে, কতবার না ক্ষমা করে দিয়েছেন। আপনাদের ঐ বিশাল উদারতার উপর ভরসা করে আজ আবার করজোড় মিনতি ভরা কর্ষ্টে ক্ষমা প্রার্থনা করছি। আশা করি আমাদের ক্রাটি বিচ্যুতি ক্ষমা সুন্দর দৃষ্টি দিয়ে চির কৃতজ্ঞ করবেন। আর দোয়া করবেন যেন জীবনের শেষ মুহুর্ত পর্যন্ত দ্বীনের নিঃশার্থ খাদেম হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারি। আপনাদের নেক দোয়াই হবে আমাদের জন্য দৃঃসাহসিক পথয়াত্রায় শক্তি ও পথ প্রদর্শক।

স্লেহের ছোট ভাইয়েরা,

সুদীর্ঘকাল সহাবস্থানের ফলে আমাদের পরস্পরের মধ্যে গড়ে উঠেছিল সৌহার্দোর সুদৃঢ় ভিত। আমরা ছিলাম মায়া মমতার বন্ধনে আবদ্ধ। সেই বন্ধনকে ছিন্ন করে আজ আমরা চলছি নতুন ঠিকানায়। স্থেহ মমতায় বিজড়িত আমরা-ছিলাম একই বৃক্ষের শাখা প্রশাখার মত। ভাবিনি কোনদিন ছেড়ে যেতে হবে তোমাদের। কিন্তু সত্য বড়ই অপ্রিয়। পৃথিবী বড়ই নিষ্ঠুর। কর্তব্যের টানে আজ তোমাদেরকে ছেড়ে চলে যেতে হচ্ছে। তোমাদের প্রতি আমাদের যে দায়িত্ব ছিল তা আমরা কখনো পুরোপুরি আদায় করতে পারিনি। কিন্তু আমাদের আন্তরিকতার কোন কমতি ছিলো না। চলার পথে আমাদের প্রাণ খুলে দোয়া করবে, যেন জামিয়ার অর্পিত দায়ত্বগুলো যথায়থ আদায় করতে পারি।

পরিশেষে সকল আসাতিয়ায়ে কেরাম ও সকল কর্মকর্তা কর্মচারীর সু-শ্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সমাপ্ত করলাম। আল-ফিরাক্ব হে প্রাণপ্রিয় মাদরে ইলমি, ফিরাক্ব হে শ্রদ্ধাভাজন আসাতিয়ায়ে কেরাম ও স্লেহাস্পদ ছোট ভাইয়েরা। মহান আল্লাহ আমাদের সকলকে তাঁর বান্দা ও আখেরি নবির উম্মত হিসেবে কুবুল করুন্ আমিন

মোহাম্মদ বোরহান উদ্দিন বাঁশখালী

রাসূল (স.) সাতটি বস্তু থেকে বিরত থাকতে বলেছেন

১. তোমরা কৃধারণা থেকে বিরত থাক; কারণ কৃধারণা করা সবচেয়ে বড় মিথ্যা। ২. তোমরা একে অন্যের দোষ-ক্রটি তালাশ করো না। ৩. গোয়েন্দাগিরি করো না। ৪. একে অন্যের উপর দাম বেশি বলো না ও দালালী করো না। ৫. পরস্পর হিংসা করো না। ৬. একে অপরকে ঘৃণা করো না। ৭. একে অপরকে পশ্চাত দেখাবে না বা সম্পর্ক ছিন্ন করবে না।

সাতটি বদ অভ্যাস যা মানুষকে লাঞ্ছিত করে থাকে:

ज्ञान <u>ज्ञा</u>न



বিদায়ী গান

হাফেজ ওমর ফারুক বিন শাহ আলম

বিদায় তোমার এমন বাথা সইতে পারি না। কেমন করে ভূলবো আমি ভূলতে পারি না।-ঐ

ছোট্ট থেকে বড় হতে ছিলাম একি সাথে কোন সুদুরে থাবে চলে একলা একা হয়ে কেমন করে ভুলবো ওরে-২ ভুলা তো যায় না।-ঐ

যে যেখানে যেমন থাকো হৃদয়ে স্মরণ রেখো ভুলগুলো সব ক্ষমা করে আপন হয়ে থেকো স্মৃতির মাঝে রবো বেঁচে-২ ভুলে যাবো না।-এ

পীরে কামেল শারখুল ইসলাম আল্লামা শাহ তৈরব বুখারি ছানি মধুর তাকরীর প্রাণ জুড়ানো সবক এমন মুদির এই জামিয়ায়-২ পাওয়া যাবে না।-ঐ

শাইথে হাদিছ বুখারি আওয়াল হযরত মুছা সাহেব সমান অধিকারের না যার দরছে তৃপ্তি জাগে হুব্বে রাসূল আবেগ। সব কিছু তৃচ্ছ করে ইবনে মাজাহ-র এমন দরছ-২ পাওয়া যাবে না।-ঐ এসো সত্যের পানে।

অমিয় দরছ মুসলিম আওয়াল জালালুদ্দিন রহ, প্রথিতয়শা আব্দুল আওয়াল সাতকানিয়া সহ মুসলিম ছানী মুফতি এরশাদ-২ তুলনা হয় না। -ঐ

তিরমিথি আওয়াল দরছে নববী শাহাদাত আরমানি মাওলানা মুফতি শহিদুল্লাহ তিরমিথি ছানি যাদের হৃদয়ে খোদাভীতি-২ দীক্ষা ফুরায় না।-ঐ

মাওলানা ইসমাঈল নজীব সুনানে দাউদ প্রথম লুংহুর রহমান কুমিল্লায়ি ছানি করেন খতম। কবুল করো তাঁদের মেহনত-২ প্রভু রাক্বানা।-ঐ

নাসারি শরিক শামারেলে তিরমিবি মাওলানা হৈয়ন আমিন ত্বাহাবি শরিক, মাওলানা মুক্তি মুহাম্মদ ইদরিছ। তাঁদের পরশে ধন্য জীবন-২ মূল্য হবে না।-ঐ

মুরাত্তা মুহাম্মদ মাওলানা কারী লোকমান জিরি মুরাত্তা মালেক রজিউল্লাহ যার কৃপায় রই ঋণী। বাবার শ্লেহে আগলে রেখে-২ করলেন বর্ধনা। এ

হে নারী

সংকলিত সালাউন্দীন জিরি
কোরআন পড় জীবন গড়
ওহে নারী জাত,
কোরআন মতে করলে আমল
পাবে শাফায়াত।
উচ্চ সম্মান দিয়েছে তোমায়
পরিত্র কোরআন
পর্দা প্রথায় আনতে তোমায়
জানায় আহ্বান।
কোরআনের আইন মেনে যদি
চলো নারী তুমি,
তোমার দ্বারা শান্তি পাবে পোটা ধরণী।
করোনা কোরআন অবমাননা
সমান অধিকারের নামে
সব কিছু তুচ্ছ করে
এলো সতোব পানে।

লেখার তাগিদ

মোঃ মাস্দুর রহমান চৌধুরী

লেখা জোকা বড় ধন স্- মেহেক চন্দল (नचिरादा इन दन যশে গুণে বর্ধন। হোক লেখা ভাবহীন অহেতৃক কৌকড়া, মনে যা আসে তা করে রোজ খসড়া। হোক ছেভা কাটাকাটি কিবা শত গড়মিল লিকে যাও খাতা খাতা কিবা কম তফসিল। অলসতা ঝেড়ে ফেলো লেখা কভু ছেড়ো না লেখা জোকা পথ পাথেয় এতে জয় অধুনা। কালির তোপে ঘুমরো প্রতীত শান দাও শান দাও খুলো কলম নাও কাগজ লিখে যাও লিখে যাও।

জামেয়া প্রধানের আহ্বান

হাফেজ ওমর ফারুক বিন শাহ আলম


পটিয়াতে জামিয়া জিরি দ্বীন ইসলামের এক বাগান হয় যেন খোদা চির অমলান। তোমার মদদ ছাড়া খোদা তোমার গড়া এই ধরায়, কার বা শক্তি আছে কে সে একটা বালি যে নড়ায়। রহমতের নজর দাওগো যদি বাগানটি হয় অনির্বাণা ঐ

বাগানটিকে উচ্জ্বল করতে বাড়ান যাদের হাত পরকালে বৃঝবেন আপনার দানের কতো স্বাদ। সু-নজর দিন মাদরাসাটা আথিরাতের হবে সামানাঃ ঐ

দ্বীন ইসলামকে বাঁচিয়ে রাখতে মাদরাসার দরকার, যেই দ্বীন ইসলাম মোদের গর্ব মোদের অহংকার। গুণগুণ সুরে আওয়াজ ওনুন পড়ছে সবাই পাক কুরআনা। ঐ

মাদরাসাটা হয়ে আছে কতো হাহাকার, একটু ভালোবাসার ছোঁয়াই হবে স্বর্গেরই নাহার। মুহতামিম শাহু তৈয়ব সাহেব করছেন বারবার এই আহ্বানা ^এ





সংক্ষিপ্ত পরিচিতি জামেয়া আরবিয়া ইসলামিয়া জিরি

সুদ্র আরব থেকে চার হাজার মাইল পূর্বে অবস্থিত বাংলার জমিনে দ্বীনে ইসলামের মশাল হাতে নিয়ে আগমন করেছিলেন শত শত ওলি-দরবেশ, ছুফি-সাধক, মুফতি, মুহাদ্দিস ও মুবাল্লিগীনে কেরাম। তাঁরা উন্নত শিক্ষা, নির্মল চরিত্র এবং গভীর ভালবাসা দ্বারা জয় করে নিয়েছিলেন উপমহাদেশের মানুষের মন। যার বদৌলতে পেয়েছে পথ হারা মানুষ পথের দিশা। এক আল্লাহ প্রদত্ত তাওহীদের আলো। তাই বাংলার জমিন ও মানুষ সেই পূণ্য আত্মার অধিকারী মহাপুরুষগণের কাছে চির ঋণী। দ্বীনের তাবলিগ ও তা'লিমের সেই ঝর্ণাধারা যুগ যুগ ধরে প্রবাহমান হয়ে আসছে। বৃটিশ আমলের তরুতে তাতে কিছুটা ভাটা পড়লেও শেষের দিকে এর ধারাবাহিকতা পূর্ণ-বেগে আবার জারি হয়। হযরত শাহু ওয়ালি উল্লাহ্ মুহাদ্দিসে দেহলভি (রহ.) এর বিপুরী উত্তরসুরীগণ ভারতের বুকে বিশ্বের বৃহত্তম ইসলামি শিক্ষাকেন্দ্র 'দারুল উলুম দেওবন্দ' এর ভিত্তি স্থাপন করেন। সেখান থেকে তরু হয়ে নদী থেকে নদী, মশাল থেকে মশাল এভাবে হাজার হাজার ক্রমি মাদরাসার সিলসিলা অব্যাহত। এসব ক্রমে মাদরাসার একমাত্র লক্ষ্য হারিয়ে যাওয়া ইলমে নবভির পুনরুজ্জীবন, বিলুপ্তপ্রায় ইসলামি তাহযিব তামাদ্দুনের বিকাশ ও বিজাতীয় সভ্যতা সংস্কৃতির নাগপাশ ছিন্ন করে মুসলিম সমাজে দ্বীনের নব চেতনা সঞ্চালন করা।

এ লন্ধ্যে বাংলার জমিনে দারুল উলুম দেওবন্দের শাখা হিসেবে সর্বপ্রথম ১৯০১ইং সালে প্রতিষ্ঠা হয় জামিরা আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম হাটহাজারী। অতপর ১৯১০ইং সালে পটিয়া থানার অন্তর্গত জিরি গ্রামে স্থাপিত হয় জামেয়া আরবিয়া ইসলামিয়া জিরি (জিরি ইসলামিয়া মাদরাসা)। যার প্রতিষ্ঠাতা হলেন দারুল উলুম হাটহাজারী'র প্রতিষ্ঠাতা হযরত মাওলানা হাবীবুল্লাহ ছাহেব (রহ.)'র সুযোগ্য শাগরিদ মহান ছুফি সাধক মুজাহিদে মিল্লাত হযরত মাওলানা শাহ আহমদ হাসান (রহ.)।

এ জামেরা তার সুদীর্ঘ ১১৩ বছরে সৃষ্টি করেছে হাজার হাজার আলেম, ফাবেল, মুফতি, মুহাদ্দিস, গতিব ও মুবালিগ। এখানে পদার্পন করেছেন তৎকালীন ভারতের যুগশ্রেষ্ঠ ছুফি ছৈয়দ মিয়া আছগর হোসাইন দেওবন্দি প্রকাশ মিয়া ছাহেব (রহ.), আল্লামা হসাইন আহমদ মাদানি (রহ.), হয়রত মাওলানা কারি মুহান্দদ তৈয়ব ছাহেব (রহ.), আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামি চিন্তাবিদ আল্লামা সৈয়দ আবুল হাসান আলি আল-হসনি আন-নদতি (রহ.) এবং এ যুগের সুবিখ্যাত আলেমগণের মধ্যে পাকিস্তানের জাস্ট্রিস মাওলানা মুহান্দদ তাক্বি ওসমানি, আওলাদে রাসূল ছৈয়দ আবুল মাজিদ নাদিম ছাহেব (রহ.) ও ছৈয়দ আছআদ মাদানি প্রমুখসহ বহু বৃত্ত্গানে দ্বীন। তারা মাদরাসার খাদেমগণের নিরলস পরিশ্রমের সাথে এখলাছ ও লিল্লাহিয়াত দেখে মুদ্ধ হয়ে অন্তর তরে দ্বা করেছেন। ধন্য করেছেন এর মাটি ও মানুষকে। এই ব্যক্তিত্বগণ মাদরাসার অবকাঠামো, শিক্ষক-ছাত্র ও শিক্ষা-সংস্কৃতির মান পরিদর্শন করে পরিদর্শন বহিতে মন্তব্য করেন যে, "আল্লাহ পাক এ প্রতিষ্ঠান ও সংশ্রিষ্ট সকলকে করুল করুন। এখানে ছাহাবায়ে কেরাম ও আসলাফের এক অকৃত্রিম প্রতিছেবি বিদ্যমান।" বৃত্ত্বগানে করামের দোয়া ও কামনা আল্লাহর দয়ায় আজ বাস্তবে পরিণত।

জামেয়া আরবিয়া ইসলামিয়া জিরি ধর্মীয় শিকাদীক্ষার ক্ষেত্রে যে খিদমত আঞ্জাম দিয়ে আসছে তার বিস্তারিত বর্ণনা এ ক্ষুদ্র প্রবন্ধে আঁকা সম্ভব নয়। তথাপি সংক্ষিপ্তাকারে নমুনা পেশ করা হলো। প্রথমে বলতে হয় ইসলামি লাওরায়ে হাদিছে ইলমে হাদিছের সুধা পান করে 'প্রথম ফারেগিনে জামেয়া জিরি' হওয়ার সৌভাগ্য অর্জন করেছেন। তাতেই প্রমাণ পাওয়া যায় এ জামেয়া রাব্বুল আলামিনের দরবারে কত উচ্চ মর্যাদায় কবুল হয়েছে। আর এখানে হাদিছে রাস্ল (স.) র দরস প্রদানকারী হয়রাতে মুহাদ্দিসিনে কেরাম অনেক উচ্ তবকার অলি ও

COLOR TO



জামেয়ার প্রথম দাওরায়ে হাদিছ সনদপ্রাপ্ত ফাহেলগণ

- ১। হয়রত মাওলানা মুফতি আযিযুল হবু (রহ.) প্রতিষ্ঠাতা- জামেরা ইসলামিয়া পটিয়া।
- ২। হযরত মাওলানা সুলতান আহমদ (রহ.) শরফভাটা, রাঙ্গুনিয়া।
- ৩। হযরত মাওলানা হাফেজুর রহমান (রহ.) সাতকানিয়া, চট্টগ্রাম।
- ৪। হ্যরত মাওলানা নুর আহমদ (রহ.) আশিয়া, পটিয়া, চয়প্রাম।
- ৫। হযরত মাওলানা শাহ মিয়া ছাহেব (রহ.) জিরি, পটিয়া, চয়য়াম।


অতপর বলতে হয় ঐ সকল শিক্ষাপ্রতিষ্ঠানের কথা, যেগুলোর প্রতিষ্ঠাতা হলেন স্বয়ং জামেয়া জিরি'র প্রতিষ্ঠাতা বা ফাবেল কিংবা সরাসরি জামেয়া জিরি'র তত্ত্বাবধানে পরিচালিত অথবা জামেয়া জিরি'র নির্দেশ-নির্দেশনা ও পরামর্শক্রমে প্রতিষ্ঠিত বা পরিচালিত। এরকম দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান- মাদরাসা, মসজিদ, মক্তব, হেফজখানা ও নুরানীখানা ইত্যাদি থার সংখ্যা হাজারকে ছাড়িয়ে গেছে। এখানে আরেকটি বিষয় প্রণিধানযোগ্য যে জামেয়া প্রতিষ্ঠালপু হতে অদ্যাবধি ১১৩ বছরে তিনজন পরিচালকের পরিচালনায় ধনা হয়ে চলে আসছে আলহামদুলিল্লাহ। এবং সুদীর্ঘ ৯৯ বছর যাবত দাওরায়ে হাদিসের অধ্যাপনা ও দরসের ছিলছিলার এক বিজ দুষ্টাত্ত স্থাপন করেছে। পরস্পরায় সাতজন জগতখ্যাত শাইখুল হাদিছ দ্বারা দাওরায়ে হাদিছের অধ্যাপনার সুখ্যাতি অর্জন একমাত্র জামেয়া জিরি'রই অলংকার ও ঐতিহ্য। যার কারণে জামেয়া জিরি'র দাওরায়ে হাদিছের দরছি বা শিক্ষা কার্যক্রম সর্বময় খ্যাত ও সর্বজন স্বীকৃত। জামেয়া জিরি'র ফাযেলদের (পাশকারী) অন্যদের চেয়ে আলাদা দৃষ্টিতে ও সম্মানের সাথে মূল্যায়ন করা হয়। যা এই জামেয়া পরম করুণাময় আল্লাহর দরবারে মক্তুল হওয়ার প্রমাণ বহন করে। বর্তমানে এর গুণগত মান আরো বহুগুণে বৃদ্ধি পেয়েছে। আর এর পিছনে যার অক্লন্ত পরিশ্রম ও মেধা ব্যয়ের অবিরাম চেষ্টা অব্যাহত রয়েছে তাঁর কৃতজ্ঞতা স্বীকার না করলে তা মূলত সতাকে ধামাচাপা দেওয়ার শামিল হবে। আর সেই সাধকপুরুষ হলেন সর্বজন শ্রন্ধেয় ছেরতাজে ওলামা হযরত আল্লামা শাহু মোহাম্মদ তৈয়ৰ সাহেৰ (দা.বা.)। ১৪০৭ হিজরিতে হুজুরের দায়িত্ভার গ্রহণ করার পর হতে বর্তমান জামেয়ার সকল ক্ষেত্রে অসাধরণ উন্নতি সাধিত হয়েছে। যা সত্যিকার অর্থে প্রশংসার দাবীদার। হত্তর পরিচালনাকালে তা'লিম তারবিয়াত ও এমারতের কাজে যে উনুতি সাধন হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ নিত বৰ্ণিত হলো।

খিতবৈ মিল্লাড মোছলেহে উম্মাত আল্লামা শাহু মোহাম্মদ তৈয়ব সাহেব (দা.বা.)- বর্তমান পরিচালক। বর্তমান পরিচালকের অক্লান্ত পরিশ্রমের ফল স্বরূপ জামেয়া জিরি বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ ইসলামি বিশ্ববিদ্যালয়ের তালিকায় অন্তর্ভুক্ত। জামেয়া জিরি তা'লিম তারবিয়াতের বহুমুখী কার্যক্রমের পাশাপাশি সামাজিক, রাজনৈতিই, প্রাতিষ্ঠানিক এবং সেবামূলক বিভিন্ন দিক দিয়ে অগণিত খেদমদ এ দেশ ও জাতিকে উপহার দিয়ে আসং জামেয়ার বর্তমান মহাপরিচালকের সুদক্ষ পরিচালনা ও তীক্ষ্ণ দূরদর্শিতায় সৃষ্টি হয়েছে শিক্ষা কার্যক্রমে এক অভূতপূর্ব সাফল্য। তেমনিভাবে নতুন এমারতি (নির্মাণ কাজ) কাজেও এক অবিশ্বাস্য আলোড়ন সৃষ্টি হয়েছে। চালু করা হয়েছে অতীত বর্তমানের সমন্বয়ে ও যুগের চাহিদা এবং তাগিদে বহু ফ্যাকালটি। এর জন্য নির্মাণ কর হয় আধুনিক ভবনসমহ।

শিক্ষাক্রম ও বিভাগসমূহ:

 রওজাতুল আত্মাল তথা ইসলামি কিভারগার্টেন (নাজেরা খানা): এ বিভাগে শিত-কিশোরদেরকে আরবি বর্ণমালার বিত্তম উচ্চারণ অনুশীলন, দেখে দেখে তাজভিদ সহকারে কুরআন পাঠ, তাওহীদ-রেসালতসহ ইসলাম ধর্মের মৌলিক শিক্ষা- অযু গোসল, নামায রোজ, কাফন দাফন ও অন্যান্য ইবাদতের বাস্তব প্রশিক্ষণের পাশাপাশি বাংলা, ইংরেজি ও গণিত ইত্যাদির পাঠদান করা হয়।





২। তাহকিজুল কুরআন বিভাগ: এ বিভাগে তাজভিদ ও হাদর (বিওছভাবে দুত পঠন) সহকারে ছাত্রদেরকে মেধা ভিত্তিতে বল্পসময়ে কুরআনে কারিম হৈছজ করানো হয়।

ত। কিতাব বিভাগ: এ বিভাগে প্রাথমিক তার থেকে নিমু মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক তথা দাওরারে হাদিস অর্থাৎ টাইটেল পর্যন্ত দরসে নেজামি এবং আরবি, বাংলা, উর্মু, ফার্সি ও ইংরেজি সাহিত্য, নাহু-চরফ ও বালাগাত, তাছহিহে কুরআন, ইসলামি আইন শাস্ত্র, যুক্তি শাস্ত্র, দর্শন, ইসলামি অর্থনীতি, তাফসির ও হাদিছসহ যাবতীয় বিষয়ে সূজনশীন ও বিশ্লেষণধর্মী পদ্ধতিতে সহজ ও সরল ভাষায় শিক্ষাদান করা হয়।

৪। শর্টকোর্স বিভাগ: এ বিভাগটি মূলত হিফজ সম্পন্নকারী ছাত্র ও কুল-কলেজ হতে আগত ছাত্রদের জনা। এক বছরে প্রাথমিক স্তর পর্যন্ত শেষ করার জন্য শর্টকোর্স আকারে পড়ার ব্যবস্থা করা হয়।

৫। তাঞ্চসির বিভাগ: তাঞ্চসির বিভাগের মূল উদ্দেশ্য হলো ঐশী বিধান আল-কুরআনের রিচার্স, সঠিক ব্যাখ্যার উদঘটন, কুরআন ও হাদিছের সমন্বয় সাধনে কালের চাহিদা অনুযায়ী জাতিকে পথ প্রদশন করত ইহকালীন ও পরকালীন সফলতার প্রতি দিক নির্দেশনা প্রদান করা।

৬। ফতওয়া বিভাগ: করআন হাদীসের আলোকে মুসলমানের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ইত্যাদি বিষয়ে সকল সমস্যার সমাধান দেয়ার লক্ষ্যে প্রতিষ্ঠা করা হয় এই বিভাগ। দেশ ও জাতির কল্যাণে এ বিভাগ হতে প্রতিনিয়ত অসংখ্য সমস্যার সমাধান দেয়া হয়। ফতওয়া ইসলামের একটি অবিচ্ছেদ্য অংশ। যার মলে রয়েছে ইসলামি আইন তথা ফেকাহ শাস্ত্র। কুরআন ও হাদিছের দেওয়া দিকনির্দেশনা ও সমাধান আলোকে যে শাস্ত্র বা বিধান রচনা করা হয়েছে তাকে ইসলামের পরিভাষায় ফেকাহ বা ইসলামি আইন শান্ত বলা হয়। এরই আলোকে কোন বিষয়ে যে সমাধান দেওয়া হয় বা কুরআন-হাদিছের উদ্ধৃতি দিয়ে যে রায়। পেশ করা হয় তাকে শরিয়তের ভাষায় 'ফতওয়া' বলা হয়। ফতওয়া শব্দটি আরবি, যার বাংলা অর্থ কিতাব ও বুরাহর আলোকে সমাধান বা রায়। যেহেতু ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন বিধান। ইসলাম ব্যতীত মানব জাতির কল্যাণ, সুখ, সমৃদ্ধি আদৌ সম্ভব নয়। তাই ইসলামে সকল জাতির হিতকর, যুগোপযোগী, যুক্তি সংগত, সর্বকালে, সর্বক্ষেত্রে কল্যাণময়ী আইন থাকা বাঞ্ক্রীয়। এ জন্যই ইসলামি শিক্ষায় এ শান্তের গুরুত্ব তুলনামূলক অনেকটা বেশি। তাই যে কোন জামেয়ায় (বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রতিষ্ঠান) ইসলামি আইন ও গবেষণা বিভাগ (ফতওয়া) চালু থাকে। বরং গুরুত্বের সাথে এর উনুত পাঠদানের ব্যবস্থা করা হয়। এরই আলোকে উপমহাদেশের ১১৩ বর্ষী প্রাচীনতম দ্বীনি শিক্ষাপ্রতিষ্ঠান বাংলাদেশের মুসলমানদের আস্থার প্রতীক জামেয়া জিরিতে ফতওয়া বিভাগের গুরুত্ব ও এর তা'লিমের বৈশিষ্ট্য অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের চেয়ে অনেকটা বেশি মানসম্পন্ন। যার দক্ষণ জামেয়া জিরি'র ফতওয়া বিভাগের সুনাম ও তা'লিমের মাপকাঠি সর্বমহলে স্বীকৃত ও নন্দিত। প্রতি বছর এ বিভাগ থেকে উল্লেখযোগ্য ছাত্র ফতওয়া বিষয়ে উচ্চতর ডিগ্রি মুফতি'র সনদ নিয়ে দেশ-বিদেশে মুসলিম উদ্মাহর খেদমত আঞ্জাম দিয়ে আস**ছে**। এ সুনাম ও খ্যাতি অর্জনের মূলে রয়েছে করুণাময় আল্লাহ তা'আলার অশেষ কৃপা ও বর্তমান জামেয়া'র মহাপরিচালক ইসলামি জ্ঞানের ও আধ্যাত্মিকতার সার্থক সাধকপুরুষ পীরে কামেল আল্লামা শাহ্ মুহাম্মদ তৈয়ব সাহেব (দা.বা.) র বিশেষ অবদান। তিনি ফতওয়া বিভাগ পরিচালনায় নিজেই বিশেষভাবে নজরদারি করে থাকেন। তিনি দক্ষ ও প্রবীন অভিজ্ঞতাসম্পন্ন মুফতিগণের নিয়োগ দেন। জিরি হয়রত এ বিভাগকে যুগোপযোগী ও যথায়থ ফলদায়ক করার লক্ষ্যে কয়েকটি বৈশিষ্ট্য অবধারিত করে দেন। যেমন ভর্তির যোগ্যতা হিসেবে (ক) আগ্রহী ছাত্রকে দাওরা হাদিসে মমতাজ বিভাগ নিয়ে পাশ করা। (ব) লিখিত ও মৌখিক ভর্তি পরীক্ষায় উদ্ভীর্ণ হওয়া। (গ) সুন্নাত ও আসলাফের অনুসরণে ক্রুটিমুক্ত থাকা। (ঘ) বিশেষ কোর্স হিসেবে আসন সংখ্যা সীমিত রেখে বিশ জনের অধিক ভর্তি না করা। এ ছাড়া পাঠ্যক্রম ও পাঠ্যসূচীকে দাবুল উলুম দেওবন্দের অনুরূপ রাখা। সার্বক্ষণিক মৃশরিফ ও মুরাকিবের তত্ত্বাবধানে গবেষণা ও চর্চার ব্যবস্থা করা। মৌসুমী আহকাম, সমকালীন যুগসমস্যা, বিতর্কিত বিষয়, ভ্রষ্ট কিরভার কার্যক্রম, ফিতনায়ে আদয়ানে বাতেলা ও সমসাময়িক ইসলামবিক্লধী কার্যক্রমের প্রতিরোধে দক্ষ দায়ী গড়ে তোলার লক্ষ্যে

जान जानाज



বিষয় ভিত্তিক মোহাজারা ও সেমিনার এবং আইন শাস্ত্রের বিভিন্ন মৌলিক বিষয়ের উপর মাসিক বিতর্ক অনুষ্ঠানের বিষয় ভিত্তিক মোহাজারা ও সেমিনার এবং আইন শাস্ত্রের বিভিন্ন মৌলিক বিষয়ের উপর মাসিক বিতর্ক অত্তর্যা বিভাগ হতে বাবছা করা। এসব হয়রতের আদেশ মতে বাধ্যতামূলক। আলহামদুলিরাহ, এ বছর ফতওয়া বিভাগ হতে বাবছা করা। এসব হয়রতের আদেশ মতে বাধ্যতম্পতির হয়েতে।

ঠিকানা এই শ্বরণিকার শেষের দিকে প্রকাশিত হয়েছে।

৭। ভাজতিদ ও ক্বোত বিভাগ: আগ্রহী আলেমকে তাছহিহে কুরআন ও তেলাওয়াতে বিভিন্ন ক্বিরাআতে পারদর্শী
করার লক্ষ্যে এক বছরের বিশেষ কোর্স হিসেবে বিভাগটি চালু করা হয়। এ বিভাগে সুদক্ষ, অভিজ্ঞ ও প্রবীণকরার লক্ষ্যে এক বছরের বিশেষ কোর্স হিসেবে বিভাগটি চালু করা হয়। এ বিভাগে সুদক্ষ, অভিজ্ঞ ও প্রবীণকরার লক্ষ্যে এক বছরের বিশেষ কোর্স হিসেবে বিভাগটি চালু করা হয়। এ বিভাগে সুদক্ষ, অভিজ্ঞ ও প্রবীণকরার লক্ষ্যে এক বছরের বিশেষ কোর্স হিসেবে বিভাগিট চালু করা হয়। এ বিভাগে সুদক্ষ, অভিজ্ঞ ও প্রবীণকরার লক্ষ্যে এক বছরের বিশেষ কোর্স হিসেবে বিভাগিত হারের ক্রেম তেনা করার বিভাগিত হারের বিভাগিত হারের বিভাগিত হারের বিভাগিত হারের ক্রেম করের বিশেষত আঞ্জাম দিচ্ছেন।

াশরে বিভিন্ন শাদ্যাপান তাহারের সুসনালের করে করে করে করে বিলুপ্তপ্রায় নবিজী (স.) এর সূত্রত ৮। দাওয়াত ও এরশাদ: ইসলামি তাহারিব-তামান্দুন, আচার-আচরণ ও বিলুপ্তপ্রায় নবিজী (স.) এর সূত্রত প্রতিষ্ঠা এবং আল্লাহ ভোলা মানুষকে আল্লার সাথে সম্পর্ক করে দেয়ার লক্ষ্যে বিভিন্ন পছায় দাওয়াত ও প্রক্রিটা এবং আল্লাহ ভোলা মানুষকে আল্লার সাথে সম্পর্ক করে দেয়ার লক্ষ্যে বিভিন্ন পছায় দাওয়াত ও প্রক্রাদ বিভাগটিকে ওরুত্ব সহজারে তাবলিগের নিসবতে কাজ করার ব্যবস্থা হিসেবে জিরি হযরত দাওয়াত ও এরশাদ বিভাগটিকে ওরুত্ব সহজারে চালিয়ে যাচ্ছেন।

৯। সাহিত্য ও সংস্কৃতি চর্চা বিভাগ: এ বিভাগে রয়েছে (ক) ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতা। (খ) বিতর্ক প্রতিযোগিতা। (গ) তাজভিদ ও কে্রাত প্রতিযোগিতা। (ঘ) আরবি, ফার্সি, উর্দ্দু ও বাংলা কাব্যচর্চা। (ঙ) বকৃতা ও রচনা প্রতিযোগিতা ও (চ) সাহিত্য চর্চা ইত্যাদি।

১০। ব্রন্থাগার: দেশ-বিদেশের খ্যাতিসম্পন্ন মনীযীদের বিভিন্ন বিষয়ের উপর লিখিত হাজার হাজার ধর্মীয় এছ এবং অন্যান্য সংকলন ও পাণ্ডলিপির সুবিশাল সংরক্ষণাগার। জামেয়ার এ গস্থাগার থেকে পাঠ প্রস্তুতি ও গবেষণা করার জন্য শিক্ষক-ছাত্রকে ফ্রিতে পাঠ্য কিতাবাদি ও এর ব্যাখ্যা সংক্রোন্ত সহায়কমন্থ প্রদান করা হয়।

১১। পত্র-পত্রিকা ও সাময়িকী প্রচারণা বিভাগ: বর্তমানে জামেয়া জিরি হতে প্রকাশিত হচ্ছে (ক) মাসিক 'আল-হাছান' (ইসলামি সাহিত্য বিষয়ক বাংলা পত্রিকা)। (খ) আন-নুর (আরবি দেয়ালিকা)। (গ) আল-আবর্ত্ত (বাংলা দেয়ালিকা)। (ঘ) ধর্ম ও সাহিত্য বিষয়ক আরবি পত্রিকা 'আর-রশাদ'।

১২। কারিগরী শিক্ষার কোর্সসমূহ: (ক) সেলাই প্রশিক্ষণ কোর্স। (খ) ইলেক্সিক প্রশিক্ষণ কোর্স। (গ) পুত্রক বাধাই প্রশিক্ষণ কোর্স। (ঘ) হস্তলিপি প্রশিক্ষণ কোর্স। (৬) কম্পিউটার প্রশিক্ষণ কোর্স ও (চ) মৎস চাষ প্রশিক্ষণ কোর্স ইত্যাদি।

১৩। চিকিৎসা: রোগাক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান করা নবি কারিম (স.) এর একটি গুরুত্বপূর্ণ সূন্নাত। এই জনহিতৈয়া সূন্নাতটি পালনের জন্য চিকিৎসালয়ের প্রয়োজন। এ প্রয়োজনীয়তাকে সামনে রেখে জামেয়া জিরিখি প্রধান পরিচালক অক্লান্ত পরিপ্রমের মাধ্যমে দ্বীতল শারজাহ্ চ্যারিটি হাসপাতাল নির্মাণ করেন। এতে দু'জন অভিজ্ঞ এম.বি.বি.এস ডান্ডারের মাধ্যমে দ্বি ঔষধপত্রসহ চিকিৎসা প্রদান করা হয়। প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণের জন্য একটি আধুনিক প্রশিক্ষণ কোর্স চালু করার পরিকল্পনা হাতে নিয়েছেন বর্তমান জামেয়া প্রধান।

১৪। সমাজসেবা বিভাগ: এ বিভাগের মাধ্যমে বিভিন্ন জেলা-উপজেলায় মসজিদ, মাদরাসা প্রতিষ্ঠাসহ নলক্প, পুতর, অযুবানা এবং গরীব অসহায় জনগণকে পুনর্বাসন করার লক্ষ্যে রিজা, ভ্যান, সেলাই মেলিন ও গরাদি পত ইত্যাদি ঘারা সহায়তা প্রদান করা হয়। জিরি হযরত অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে শারজাহ চ্যারিটি হাসপাতাল প্রতিষ্ঠা করেন। এখানে প্রতিদিন নিয়মিত অনেক গরীব অসহায় মানুষকে দু'জন পাশ করা এম,বি.বি.এস ভান্তার ঘারী ঔষধসহ ফ্রি চিকিৎসা দেওয়া হয়। তিনি আরও প্রতিষ্ঠা করেন জিরি ওয়েলফেয়ার এসোসিয়েশন। যার মাধ্যমে বছরের প্রায় সময় গরীব অসহায় মানুষকে বিভিন্ন প্রকারের সাহাযা সহযোগিতা ও পুনর্বাসনের বাবস্থা করা হয়। ১৫। আমলি মরদান ও আধ্যাত্মিক সাধনা: তা'লিমের সাথে সাথে অধ্যয়নরত ছাত্রদের আখলাক চরিত্রের উন্নতি সাধন ও আত্মতদ্ধির ব্যাপারেও হয়রতের সদা সজাগ দৃষ্টি রয়েছে। তাইতো তিনি ছাত্রদের নামায়, তেলাওয়তি,





তাহাজ্বদ ও যিকির ইত্যাদির ব্যাপারে নিজেই তদারকি করেন। পিতৃত্বেহ দানে তিনি নিরলস কুমিকা পালন করে যাছেন। আমলি ময়দানে যাতে সকল তালেবে ইলম আল্লাহ মুখী হয়ে তাঁর কাছ হতে নিজের সকল প্রয়োজনীয়তা মিটাতে পারে। এজন্য জামেয়ার মসজিলে ১ মিনিটের মাদরাসা নামক কিতাবটির তা লিম, ফজরের পর সুরা ইয়াছিন ও আদইয়ায়ে মাছনুনাহ আদায়, বাদে মাগরিব সুরা ওয়াক্বিয়াহ ও বাদে এশা সুরা মুলুক তেলাওয়াত, বৃহস্পতিবার বাদে আছর দরদ শরীফের আমল এবং জুমার দিন সুরায়ে কাহাফের আমল ও বাদে আছর খাছ দর্মদের আমল করার অনুপম পরিবেশ তৈরি করা হয়েছে। বিশেষত দাওরায়ে হাদিছের ছাত্রদের জন্য চল্লিশ দিনের চিল্লা'র মাধ্যমে ভাের রাতে তাহাজ্বদ ও জিকিরের বিশেষ আমল বাধ্যতামূলক করা হয়েছে। যাতে তারা এখান থেকে চলে যাওয়ার পর বিপথে নিজেকে হারিয়ে না ফেলে এবং আমলের মাধ্যমে সমস্ত সমস্যার সমাধান করতে পারে। আর যে সমস্ত ফানেগিনরা স্বেছায় বাইআত গ্রহণ করে আত্রতদ্ধি অর্জন করতে চায় তাদেরকে বাইআতের মাধ্যমে সবক প্রদান করে থাকেন যা আমাদের আসলাফের এক অনন্য নিদর্শন।

উপরোল্লিখিত শিক্ষা কার্যক্রমের দরছি ধারাবাহিকতা ব্যতীত বাকী সকল বিভাগ ও সেবামূলক কার্যক্রম বর্তমান জামেয়া প্রধানের আমলেই চালু করা হয়েছে। আল্লাহ তা'আলা হয়রতকে উত্তম প্রতিদান দান করুন।

১৬। এমারতী কাজ (নির্মাণ কাঠামোতে উনুতি) : এমারতী কাজে যে উন্নতি সাধন হয়েছে তন্মধ্যে চার তলা বিশিষ্ট শিক্ষাভবন, পূর্ব সারির পুরা দু'তলা ও তিন তলা ভবন, দ্বীতল মেহমানখানা, নাজেরাখানা, এতিমখানা ভবন, দাবুত তাক্ষসির সারির পুরা দ্বীতল ও উত্তরের তৃতল আধুনিক ভবন বিশেষভাবে উল্লেখযোগ্য। দীর্ঘ দিনের কাজ্খিত জামেয়ার বহুতল মসজিদ ও দাবুল হাদিছ আলহামদুল্লিহ সুচাবুরূপে সম্পন্ন হয়েছে। এ বছর জিরি হয়রত জামিয়ার পশ্চিম সারির পুরাতন ঝরাজীর্ণ ছাত্রাবাসের পুনঃনির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইতোমধ্যে। এর প্লান নিয়ে কাজ তরু হয়ে গেছে।

গীবত পরিত্যাগের সাতটি উপকারিতা

১. গীৰত করা মুসলমানের গোশত খাওয়ার সমতৃল্য। অতএব, যে ব্যক্তি গীবত ত্যাগ করে সে এক জঘন্য পাপ থেকে বেঁচে যায়। ২. গীবত করা যেনায় লিগু হওয়ার চেয়েও জঘন্য অপরাধ। অতএব, যে ব্যক্তি গীবত ত্যাগ করল সে যেনার চাইতে মারাজ্রক একটি অপরাধকর্ম থেকে নিজেকে রক্ষা করলো। ৩. গীবতের ফলে রোযার মতো একটি অতি গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ ইবাদত নষ্ট হয়ে যাবে। অতএব, যে ব্যক্তি গীবত পরিহার করলো সে তার রোযাকে রক্ষা করলো। ৪. গীবত দ্বারা অযুও ক্ষতিগ্রন্থ হয় এজন্য হানাফি মাযহাব মতে কোনো ব্যক্তি অযু করার পর গীবতে লিগু হলে বা মিখ্যা কথা বললে তার পুনরায় অযু করা উচিত। অতএব, যে ব্যক্তি গীবত ত্যাগ করলো সে নিজের অযুকে রক্ষা করলো। যে অযু ছাড়া নামায আদায় করা যায় না, কোরআন স্পর্শ করা যায় না। ৫. গীবত ত্যাগের মাধ্যমে কোনো ব্যক্তি হারাম কাজে লিগু হওয়া থেকে অর্থাৎ কবিরা ওনাহ থেকে বেঁচে যায়। কোরআন মাজিদে গীবতকে হারাম ঘোষণা করা হয়েছে। ৬. গীবতের মাধ্যমে গীবতকারী অপর ব্যক্তিকে আহত করে। হযরত সুফিয়ান সাওরি (রহ.) বলেন আমি কোনো ব্যক্তির গীবত করার চেয়ে তাকে তীর দিয়ে আহত করাটা সহজতর অপরাধ মনে করি। অতএব, যে ব্যক্তি গীবত ত্যাগ করলো যে অন্যক্তে আহত করা থেকে বিরত থাকলো। ৭. যে ব্যক্তি নিজের বাকশক্তিকে নিয়ন্ত্রণ করে না এবং থেকে বাঁচানো যায়। [আদর্শ নারী, ফেব্রু'১৩]

ालाज इस्ता 9 519

খতিবে মিল্লাত মোছলেহে উম্মাত, রাহবারে তরিক্বত পীরে কামেল

আল্লামা শাহ্ মোহাম্মদ তৈয়ব সাহেব দা.বা. এর

সংক্ষিপ্ত জীবনী

সূচনা: পৃথিবীর অবিরাম এই যাত্রা পথে অগণিত মানুষের আনাগোনা। অজস্র অসংব্য মানুষকে ঐশ্র্যমণ্ডিত সুশৃত্যক ও সুশোভিত করার মহান লক্ষ্যে যে সকল মনীষী নিজেদের জীবন উৎসর্গ করেছেন তন্যুধ্যে পীরে

কামেল হ্যরতুল আল্লামা শাহ্ মোহাম্মদ তৈয়ব সাহেব অন্যতম। জন্ম ও বংশ পরিচয়: হ্যরত ১৯৪৩ইং সনে চট্টগ্রাম জেলা পটিয়া থানার অন্তর্গত জিরি ইউনিয়নের এক সম্রন্ত পরিবারে জনুগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন হয়রত মাওলানা আব্দুল জাব্বার (রহ.)। যিনি একজন সু-দক্ষ্ অভিজ আলেম ও বাংলাদেশের প্রাচীন্তম দ্বীনি শিকা প্রতিষ্ঠান আল-জামিয়াতুল আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম হাটহাজারী'র সুযোগ্য শিক্ষক ছিলেন। হ্যরতের মাতার নাম মরহুমা সালমা খাতুন। হ্যরত মাত্র সাত বছর বয়সে পিতৃহারা হন। পিতার মৃত্যুর পর তাঁর চাচা হ্যরতুল আল্লামা আহমদ হাছান (রহ.) প্রিতিষ্ঠাতা-আল-জামিয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি] হয়রতের লালন পালনের দায়িত্ব গ্রহণ করেন। আল্লামা আহমদ হাছান (রহ.) এর কোন পুত্র সন্তান না থাকায় তাঁর নিজ ছেলের মতো করে হ্যরতের শিক্ষা দীক্ষার বিশেষ তত্ত্বাবধায়ন করেন।

হ্যরতের ছাত্রজীবনঃ হ্যরত পবিত্র কুরআন শরিফ শিক্ষার মাধ্যমে ছাত্রজীবন আরম্ভ করেন। প্রাথমিক শিক্ষা শেষ করার পর হজুরের সুযোগ্য চাচা আল্লামা আহমদ হাছান (রহ.) তাঁকে দ্বীনি ইলম অর্জনের লক্ষ্যে ও সুচরিত্র গঠনের প্রয়াসে বাংলাদেশের দ্বিতীয় মুহাদিছ ও জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি'র প্রথম শাইখুল হাদিছ। হ্যরতুল আল্লামা আব্দুল ওয়াদুদ সন্দ্রীপি (রহ.) এর খেদমতে সোপর্দ করেন। হজুরের ছোহবতে চার বছর অবস্থান করে তিনি হাদিছ, তাফসির, ফিকাহ ও আকৃষ্টিদ সম্পর্কে যথার্থ জ্ঞান অর্জন করতে সক্ষম হন এবং তিনি ১৯৬৮ ইংরেজি সনে জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি হতে দাওরায়ে হাদিছ তথা মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। তিনি শাইখুল হাদিছ আল্লামা আব্দুল ওয়াদুদ ছাহেব (রহ.) হতে বুখারি শরিফ ও তিরমিযি শরিফ পড়ার সৌভাগ্য লাভ করেন।

তাঁর প্রসিদ্ধ ওন্তাদবৃদ্দ: তাঁর প্রসিদ্ধ ওন্তাদগণের মধ্যে রয়েছেন---

- ১। শাইখুল হাদিছ আল্লামা আব্দুল ওয়াদুদ সন্দ্রীপি ছাহেব (রহ.)। [শাইখুল হাদিছ- জামিয়া জিরি।]
- ২। আল্লামা ছালেহ আহমদ ছাহেব (রহ.)। [২র মুহান্দিছ- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি।]
- ৩। আক্রামা আবুল খাইর ছাহেব (রহ.)। [সাবেক মুহান্দিছ- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি।]
- ৪। আরামা মুফতি নুরুল হক ছাহেব (রহ.)। সাবেক পরিচালক ও শাইখুল হাদিছ- জামিয়া জিরি।
- ৫। আল্লামা হাফেজ ফজল আহমদ ছাহেব (রহ.)। -দক্ষিণ জিৱি।
- ৬। আল্লামা আহমাদুল্লাহ কাসেমি ছাহেব (বা. ফি. হা.)। -সিনিয়র মুহাদ্দিছ- জামিয়া জিরি।

কর্মজীবনঃ জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি থেকে দাওরায়ে হাদিছ তথা মাস্টার্স ডিপ্রি শেষ করার পর তাঁর প্রদের হুজুর শাইপুল হাদিছ আল্লামা আপুল ওয়াদুদ (রহ.) এর পরামর্শে অত্র জামিয়ায় শিক্ষকতার মধ্য দিয়ে হ্যরতের কর্মজীবন তরু হয়। তিনি অত্যন্ত সুন্দর ও সাবলীল ভাষার পাঠদান করে থাকেন। হজুরের পাঠদানে ছাত্ররা আনন্দ ও প্রফুল্লতা অনুভব করে থাকে। ছাত্ররা আগ্রহের সাথে হজুরের ক্লাসে উপস্থিত থাকে। তিনি কিছুকাল জামিয়া জিরিতে শিক্ষকতা করার পর কক্ষবাজার মাছুয়াখালী মাদরাসায় বদলী হন। সেখানে তিনি





অত্যন্ত নিষ্ঠা ও সততার সাথে দুই বছর যাবং প্রধান পরিচালকের দায়িত্ব পালন করেন। অতপর তিনি পুনরায় হয়রতের প্রাণকেন্দ্র ও হৃদয়ের স্পদন আল-জামিয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি'তে শিক্ষকতা জীবনের দ্বিতীয় যাত্রা তক করেন। হয়রতের ইলমি প্রচেষ্টার ফলে অসংখ্য আলেম, মুহাদ্দিছ, মুফতি ও বক্তা তৈরি হয়। তাঁর নিজ হাতে গড়া ছাত্রদের মধ্য থেকে প্রসিদ্ধ আলেমদের কয়েকজন...

১। আল্লামা আশরাফ আলী ছাহেব (রহ.)। সাবেক মুহাদ্দিছ ও শিক্ষা পরিচালক- জামিয়া জিরি।

২। আল্লামা ক্রারী লোকমান ছাহেব (বা.ফি.হা.)। মুহাদ্দিছ ও প্রধান-ক্রোত ও তাজভিদ বিভাগ, জামিয়া জিরি।

৩। মাওলানা লুংফুর রহমান ছাহেব (বা.ফি.হা.) [মুহাদ্দিছ- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিবি।]

৪। মাওলানা আব্দুল আউয়াল ছাহেব (বা.ফি.হা.) মুহান্দিছ- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি।

৫। মাওলানা হাফেজ নুরুল হাকিম ছাহেব।

ও। মাওলানা হাফেজ মুফতি ছলিম ছাহেব, ঢাকা।

জামিয়া জিরি পরিচালনায় হ্যরতের অনস্বীকার্য অবদান: ১৯৮৭ ইংরেজি সনে হ্যরতুল আল্লামা মুফতি নূরুল হক ছাহেব (রহ.) ইন্তেকাল করেন। তাঁর ইন্তেকালের পর মাদরাসা পরিচালনা কমিটির পক্ষ থেকে হ্যরতকে জিরি মাদরাসার পরিচালক হিসেবে নির্বাচন করা হয়। তখন থেকে তিনি অতি নিষ্ঠার সাথে প্রধান পরিচালকের দায়িত্ব পালন করে আসছেন। হ্যরতের প্রচেষ্ঠার ফলে জামিয়া জিরি বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলসহ পৃথিবীর বিভিন্ন দেশে পরিচিতি লাভ করে। জামিয়া জিরি একটি স্থনির্ভর প্রতিষ্ঠানে পরিণত হয়। হ্যরতের অক্লান্ত পরিশ্রমের ফলে জামিয়া জিরিতে তাফসির বিভাগ, ফতওয়া ও গবেষণা বিভাগ এবং ক্টেরাত বিভাগের সূচনা হয়। বর্তমানে ফতওয়া ও গবেষণা বিভাগ আনক উনুত্মানের। তিনি কম্পিউটার ট্রেনিং সেন্টারের ব্যবস্থা করেছেন। হাত্ররা এখানে কম্পিউটার শিখতে পারে। ছাত্রদের সু-স্বাস্থা ও চিকিৎসার সুবিধার্থে একটি হাসপাতাল নির্মাণ করেন যার নাম শারজাহ চেরিটি হাসপাতাল'। ছাত্ররা এখানে বিনামূল্যে চিকিৎসা নিতে পারে। হ্যরতের একটি খানকাহ রয়েছে। এখানে সর্বস্তরের লোকেরা আত্মন্তন্ধির জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চল থেকে এসে ভিড় জমায়। একটি আক্র্বনীয় জামে মসজিদও নির্মাণ করেন। যার নাম মসজিদে ত্বোবা। আরও অসংখ্য অবদান যার দারা জামিয়া জিরি আজ্ব ধন্য ও গর্বিত।

বিভিন্ন দেশে হযরতের সক্ষর: মাদরাসার বিভিন্ন প্রয়োজনে ও ইসলামি দাওয়াত প্রচারের উদ্দেশ্যে পৃথিবীর অসংখ্য দেশে ভ্রমণ করেন। তিনি সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, কুয়েত, আমেরিকা ও লভন ইত্যাদি দেশে সক্ষর করেছেন। হজ্জ ও উমরাহ সম্পাদনের তাগিদে বেশ কয়েকবার মক্কা ও মাদিনায় সক্ষর করেন। দ্বীনের দাওয়াত নিয়ে ভারত, পাকিস্তান, লভন ও আমেরিকা সক্ষর করতে সক্ষম হন। এছাড়া বাংলাদেশের অধিকাংশ জায়গায় কুরআন ও হাদিছের আলোকে নসিহত করার উদ্দেশ্যে ভ্রমণ করেন ও অসংখ্য পথভ্রম্ভ লোক হয়রতের সংস্পর্শে এসে হিদায়তের রাস্তা খুঁজে পান।

আত্রতিদ্ধিঃ হযরত আত্রতিদ্ধির উদ্দেশ্যে বিশ্ববিখ্যাত পীর হযরতুল আল্লামা শাহ্ আবরারুল হক ছাহেব (রহ.) এর ছোহবতে কিছুকাল অবস্থান করেন। শাহ্ আবরারুল হক (রহ.) ছিলেন হযরতুল আল্লামা আশরাফ আলি থানতি (রহ.) এর সুযোগ্য খলিফা। আমাদের হযরত শাহ্ আবরারুল হক (রহ.) এর সাথে পবিত্র মাদিনায় সাক্ষাত করেন এবং তার হাতে বাইয়াত হন। সেখানে হযরত আধ্যাত্মিক লাইনে অনেক উপকৃত হন। এবং কয়েক বছর পর শাহ্ আবরাক্ষল হক (রহ.) আমাদের হযরতের খোদাভীরুতা দেখে খিলাফতের দায়িত্ব প্রদান করেন। অন্যদিকে তিনি হযরতুল আল্লামা কামবুজ্জামান এলাহাবাদি ছাহেব (বা.ফি.হা.) র কাছ থেকে চার ছিলছিলার খিলাফত প্রাপ্ত হন। হয়রত স্বভাবগত উত্তম চরিত্রের অধিকারী। যারা হয়রত থেকে খিলাফত প্রাপ্ত হয়েছেন

जि जिल्ला वर्शनका २०२०



তাদের বেশ কয়েক জনের নাম উল্লেখ করা হলো-

- ১। হযরত মাওলানা রজিউল্লাহ ছাহেব দা.বা.। [মুহান্দিছ- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি:] ২। হযরত মাওলানা মৃফতি শহিদুল্লাহ ছাহেব দা,বা,। |মুহাদ্দিছ- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি।
- ৩। হযরত মাওলানা মরহম মুফতি গিয়াস উদ্দিন ছাহেব। [সাবেক সিনিয়র শিক্ষক-জামিয়া জিরি।] ৪। হযরত মাওলানা আবু নাছের ছাহেব। [মুহাদ্দিছ ও সহকারি শিক্ষা পরিচালক- ছারিয়া মাদরাসা, হাটহাজারী।
- ৫। হর্মত মাওলানা আবুল বশর ছাহেব রহ.। ি সাবেক ছদরে মুহতামিম-বহদ্দারকাটা মাদরাসা, চকরিয়া। ৬। হয়রত মাওলানা রেজাউল করিম ছাহেব র.। [শাইখুল হাদিছ- পোরশা দারুল হিদায়া মাদরাসা, রাজশাহী।
- ৭। হযরত মাওলানা আবুল কাসেম ছাহেব। [পরিচালক- আজিজিয়া জামিউল উলুম মাদরাসা, পেকুয়া।]
- ৮। হযরত মাওলানা আবুল মুহাসেন ছাহেব। [মুহতামিম- পেকুয়া মেহেরনামা মাদরাসা।]
- ১। হযরত মাওলানা শিহাব উদ্দিন ছাহেব। [মুহতামিম- কামাল পাথুরিয়া জামিয়া দারুর রাশাদ, নাটোর]
- ১০। হযরত মাওলানা ইমদাদুল্লাহ ছাহেব। [মুহাদ্দিছ-তিন্নাচক মাদরাসা, নওগাঁ।]
- ১১। হযরত মাওলানা হুসাইন ছাহেব। [মুহতামিম- জামিয়া কাছিমিয়া ফেনী।]
- ১২। হযরত মাওলানা মুফতি কেফায়ত উল্লাহ ছাহেব। [পরিচালক- জামিয়া টেকনাফ।]
- ১৩। হ্যরত মাওলানা আবূল কুদুছ ছাহেব। [মুহতামিম- সমনগর মাদরাসা, নওগাঁ।]
- ১৪। হ্যরত মাওলানা শরীফ উদ্দিন শাহ্ চৌধুরী ছাহেব। [পরিচালক-জামিয়া দারুল হেদায়া, পোরশা, নওগাঁ।]
- ১৫। হ্যরত মাওলানা হাফেজ মোহাম্মদ হোছাইন ছাহেব। [সিনিয়র শিক্ষক- জামিয়া জিরি।]
- ১৬। হযরত মাওলানা ইয়াছিন ছাহেব। [শিক্ষক- জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি।]
- ১৭। হ্যরত মাওলানা মাহবুবুর রহমান ছাহেব। মুহতামিম- নেয়ামতপুর কুওমী মাদরাসা, নওগাঁ।

খতীব-উপজেলা কেন্দ্রীয় জামে মসজিদ, নেয়ামতপুর, নওগা।।

- ১৮। হযরত মাওলানা হাফেজ আব্দুল হক ছাহেব। সিভাপতি- সমনগর মাদরাসা, নওগাঁ।।
- ১৯। হ্যরত মাওলানা রবিউল ইসলাম ছাহেব। সিনিয়র শিক্ষক-জামিয়া দারুল হেদায়া, ও

খতিব- মারকায মসজিদ, পোরশা, নওগা।।

এছাড়া আরো অনেকে হ্যরতের আধ্যাত্মিক তাওয়াজ্জ্হ নিয়ে ধন্য হচ্ছেন। যাঁদের পূর্ণ ঠিকানা না পাওয়ায় উল্লেখ করতে বার্থ।

পারিবারিক জীবন: হযরতের সহধর্মীনির নাম লুংফুন্লিসা বিনতে আব্দুস সামদ। হযরতের তিন ছেলে এবং পাঁচ মেয়ে সন্তান রয়েছে। প্রথম ছেলে হযরত মাওলানা মুফতি শোয়াইব ছাহেব, বিশিষ্ট ওয়ায়েজ, সিনিয়র শিক্ষক ও খতীব মসজিদে ত্বোবা, জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি। দ্বিতীয় ছেলে মাওলানা হাফেজ খুবাইব ছাহেব. সহকারি পরিচালক, জামিয়া আরবিয়া ইসলামিয়া জিরি ও প্রতিষ্ঠাতা পরিচালক, জিরি মহিলা মাদরাসা। তৃতীয় ছেলে মাওলানা মোহাম্মদ ছুহাইব ছাহেব সহকারি পরিচালক, ঈসানগর মাদরাসা কর্ণফুলী, চট্টগ্রাম। পরিশেষে পরম করুণাময় আল্লাহর দরবারে মুনাজাত এই যে, তিনি যেন হ্যরতকে দ্বীর্যজীবী করেন। তার সুশীতল ছায়ার মাধ্যমে মুসলিম জাতিকে উপকৃত করেন। আমীনা





কতিপয় দাঈ ছাহাবি যাঁরা দ্বীনের দাওয়াত দিতে গিয়ে পৃথিবীর বিভিন্ন স্থানে সমাধিত হয়েছেন

ছাহাবির নাম

০১. হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা.

০২, হযরত রাবি' ইবনে যিয়াদ আল হারেছি রা.

০৩, হয়রত রাহবায়াহ আনছারি রা.

০৪. হ্যরত আক্বাবা বিন নাফে' রা.

০৫. হ্যরত আবু জাম'আ বালভি রা.

০৬, হযরত আব্দুর রহমান আল গাফেক্ট্ রা.

০৭. হযরত আবু আইয়ুব আল আনছারি রা.

০৮. হযরত সা'দ বিন ওয়াক্কাস রা. ০৯. হযরত আনুর রহমান দাখেল রা.

১০. হযরত আস'আদ বিন ফুরাত রা.

সমাধিস্থান

সমরখন্দ।

সাজিস্থান।

निविया।

আল জাযায়ের।

তুনাস।

ফ্রান্স।

ইন্তামূল।

होन।

(न्न्ना

আফ্ৰিকা।

ক্ওমি মাদরাসার সিলসিলা (পরস্পরা) সূত্র আসমানি মাদরাসা

মহান আল্লাহ পাক শিখিয়ে দিলেন প্রথম মানব হ্যরত আদম আ, কে সকল (বিষয়) কিছুর নাম

মহানবি হয়রত মুহাম্মদ (স.) কর্তৃক মহানবি হয়রত মুহাম্মদ (স.) কর্তৃক সুলভান মাহমুদ গজনতি কর্তৃক

নিজামুল মূলক তৃসি কর্তৃক
মাসউদ গজনতি কর্তৃক
কুতৃবৃদ্দিন আইবেকের শাসনামলে
ফিবুজ শাহ তৃঘলক কর্তৃক
সূলতান মুহাম্মদ আদি শাহের আমলে
বাদশাহ আকবরের দৃধমাতা মাহাম বেগম কর্তৃক
বাদশাহ শাহ জাহানের আমলে
মাদরাসায়ে খায়বুল মানামিল।
মাদরাসায়ে ফাতেহপুরি।
মাদরাসায়ে দারুল বাঝা।
মোল্রা নিযামুদ্দীন কর্তৃক

গাজী উদ্দীন খান ফিরোজ জঙ্গ কর্তৃক হবরত মাওলানা কাসেম নানুতভি রহ, কর্তৃক

মাওলানা হাবিবুল্লাহ কুরায়শী রহ্ কর্তৃক আল্লামা আহমদ হাছান রহ্ কর্তৃক

